

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বরিশাল বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক বরিশাল জেলার উজিরপুর উপজেলায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বরিশাল বিভাগীয় কার্যালয় কর্তৃক ২৭/০২/২০২৩ খ্রি: তারিখে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী এবং সহকারী পরিচালক জনাব সাফিয়া সুলতানা এর নেতৃত্বে ০২ টি তদারকি টিম বরিশাল জেলার উজিরপুর উপজেলার মুসলিম মার্কেট, হাবিবপুর বাজার ও হারতা বন্দর বাজার এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে উপপরিচালক জনাব অপূর্ব অধিকারী মুসলিম মার্কেট বাজার এলাকার পদ্ম নিপুণ সেবালয়কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। অপরদিকে জনাব সাফিয়া সুলতানা একই এলাকার সুমাইয়া ফার্মেসীকে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ১,০০০/- টাকা, হাবিবপুর বাজার এলাকার হাসান স্টেরকে পণ্যের মোড়কে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য লিপিবদ্ধ না থাকা ও মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭ ও ৩৮ ধারা অনুযায়ী ৫,০০০/- টাকা এবং হারতা বাজার এলাকার গ্রামীণ কল্যাণ স্বাস্থ্য কেন্দ্রকে প্রতিশ্রুত সেবা যথাযথভাবে সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৫ ধারা অনুযায়ী ৫,০০০/- টাকা ও একই এলাকার ভাই ভাই হোটেলকে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী ১,০০০/- টাকাসহ সর্বমোট ১২,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করেন। আজকের ০২ টি অভিযানে ০৫ টি প্রতিষ্ঠানে সর্বমোট ১৫,০০০/- টাকা জরিমানা আরোপ করা হয়। অভিযান চলাকালে উপস্থিত ভোক্তাদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্ফলেট বিতরণ করা হয় এবং পণ্য বা সেবা ক্রয়ে প্রতারণিত হলে অধিদপ্তরে অভিযোগ দায়েরের ব্যাপারে উদ্বুদ্ধ করা হয়। এপিবিএন-১০ এর একটি চৌকস টিমের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APD

২৭-২-২০২৩

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৪৭৮৮৬২০৪২

ইমেইল: dd-

barisal@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।
- ৩) পুলিশ কমিশনার, বরিশাল।
- ৪) জেলা প্রশাসক, বরিশাল।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বরিশাল বিভাগীয় কার্যালয়।
- ৭) অফিস কপি।